অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/5/2023 **গভর্নর ক্যাথি হোকল**

যৌন নিপীড়নের শিকার হয়ে বেঁচে থাকা ভুক্তভোগীদের জন্য সমর্থন প্রদর্শন করতে 5 এপ্রিলকে 'বিশ্বাসের মাধ্যমে শুরু করা দিবস' হিসেবে নির্ধারিত করে গভর্নর হোকলের ঘোষণাপত্র জারি

বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদের সমর্থন করার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য পরিচালিত বৈশ্বিক ক্যাম্পেইনে নিউ ইয়র্ক অংশগ্রহণ করছে

কোনো ব্যক্তি নিপীড়নের শিকার হওয়ার কথা প্রকাশ করলে কিভাবে তারা নিজেদের প্রতিক্রিয়া উন্নত করতে পারেন সে সম্পর্কে পরিবার, বন্ধুবান্ধব, সহকর্মী, আইন প্রয়োগকারী সংস্থা এবং অন্য পেশাজীবীদেরকে এই ক্যাম্পেইন শিক্ষিত করে তুলছে

ঘোষণাপত্রটি এখানে পড়ুন

গভর্নর ক্যাথি হোকল আজ যৌন নিপীড়নের শিকার হয়ে বেঁচে থাকা ভুক্তভোগীদেরকে সমর্থন করার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য জাতীয় পর্যায়ে পরিচালিত একটি ক্যাম্পেইনের অংশ হিসেবে, 5 এপ্রিলকে বিশ্বাসের মাধ্যমে শুরু করা দিবস হিসেবে নির্ধারণ করে একটি ঘোষণাপত্র জারি করেছেন। বিশ্বাসের মাধ্যমে শুরু করা দিবস কোনো ব্যক্তি নিপীড়নের শিকার হওয়ার কথা প্রকাশ করলে কিভাবে তারা নিজেদের প্রতিক্রিয়া উন্নত করতে পারেন সে সম্পর্কে পরিবার, বন্ধুবান্ধব, সহকর্মী, আইন প্রয়োগকারী সংস্থা এবং অন্য পেশাজীবীদেরকে শিক্ষিত করে তোলার জন্য এন্ড ভায়োলেন্স এগেইনস্ট উইমেন ইন্টারন্যাশনাল (End Violence Against Women International) কর্তৃক পরিচালিত একটি জাতীয় পর্যায়ের কর্মপ্রচেষ্টার অংশ।

"যৌন নিপীড়নের শিকার হয়ে বেঁচে থাকা ভুক্তভোগীদের সঙ্গে অবশ্যই সমর্থনমূলক, মর্যাদাপূর্ণ, সহানুভূতিপূর্ণ ও ন্যায়বিচারপূর্ণ আচরণ করতে হবে," **বলেছেন গভর্নর হোকল।** "তাদের কণ্ঠকে জোরদার করা এবং তাদের গল্পগুলো শোনার মাধ্যমে, আমরা সত্যিকার পরিবর্তন নিয়ে আসা এবং বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদের ক্ষমতায়ন করার জন্য পদক্ষেপ গ্রহণ করা চালিয়ে যেতে পারি।"

লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন, "নিউ ইয়র্কে আমরা বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদের কথা শুনি এবং তাদের কথা বিশ্বাস করি। যৌন নিপীড়নের বিরুদ্ধে লড়াই করা, অধিকতর নিরাপদ কমিউনিটি গড়ে তোলা, এবং বেঁচে ফিরে আসা ভুক্তভোগীরা যাতে তাদের

প্রাপ্য সংস্থানসমূহ, সমর্থন, ও সম্মান পান সে বিষয়টি নিশ্চিত করতে এসব পদক্ষেপ গ্রহণ করতে পেরে আমরা গর্বিত। আপনার কণ্ঠ গুরুত্ব রাখে এবং এটি সবসময়ই শোনা হবে।"

এন্ড ভায়োলেন্স এগেইনস্ট উইমেন ইন্টারন্যাশনাল-এর প্রতিষ্ঠাতা ও CEO সার্জেন্ট জোয়ান আরক্যামবল্ট (অবসরপ্রাপ্ত) বলেন, "বিশ্বাসের মাধ্যমে শুরু করা দিবসে, বিশ্বব্যাপী কমিউনিটিগুলো যৌন নিপীড়নের ভুক্তভোগীদের জন্য একটি মাত্র আওয়াজ তোলার জন্য একতাবদ্ধ হচ্ছে: আমরা আপনাদের কথা শুনি, এবং আমরা সাহায্য করার জন্য এখানে রয়েছি। এত বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর এই আহবানে যোগদান করা এবং বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদের প্রতি সাড়াদানের রূপান্তর ঘটাতে সাহায্য করা একটি অসাধারণ ব্যাপার। আমরা গভর্নর হোকল, তার ক্যাবিনেটের সদস্যদের, এবং স্টেটের জন নিরাপত্তা পেশাজীবীদেরকে তাদের সমর্থনের জন্য ধন্যবাদ জানাই এবং সবাইকে এই বিষয়টি মনে রাখতে উৎসাহিত করছি যে কথা শোনা ও বিশ্বাস করার এই সাধারণ কাজটি জীবন বাঁচাতে পারে।"

গভর্নর হোকলের ক্যাবিনেটের সদস্যরা এই ক্যাম্পেইনে যোগ দিয়ে সোশ্যাল মিডিয়ায় তাদের সমর্থনের কথা শেয়ার করেছেন এবং বিশ্বাসের মাধ্যমে শুরু করার শপথ গ্রহণ করেছেন। এখন পর্যন্ত, 12,000-এরও বেশি সংস্থা ও ব্যক্তি এই কাজটি করেছে। বিশ্বাসের মাধ্যমে শুরু করা দিবস প্রতি বছর এপ্রিল মাসে নির্ধারণ করা হয়েছে কারণ এই মাসটি জাতীয় পর্যায়ে এবং নিউ ইয়র্কে যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতার মাস হিসেবে নির্ধারণ করা হয়েছে।

যৌন নিপীড়নের শিকার হয়েছেন এমন ব্যক্তিরা কোনো বন্ধুবান্ধব, প্রিয়জন বা পরিবারের সদস্যের কাছে তা জানানোর সম্ভাবনা বেশি। যদি তাদের এই বিষয়টি প্রকাশ করার ফলে অবিশ্বাস, সংশয়, সন্দেহ বা লজ্জা ইত্যাদির সম্মুখীন হতে হয়, তাহলে তাদের ঘটনাটি সম্পর্কে পুলিশের কাছে রিপোর্ট করা অথবা শারীরিক বা মানসিক আঘাত পাওয়ার ব্যাপারে সাহায্য চাওয়ার সম্ভাবনা কমে যায়। এর ফলে তাদের শারীরিক ও মনস্তাত্ত্বিক সুস্থতা আরো বেশি ক্ষতিগ্রস্ত হয়। এন্ড ভায়োলেন্স এগেইনস্ট উইমেন ইন্টারন্যাশনাল (End Violence Against Women International, EVAWI) পেশাজীবীদের এবং জনসাধারণকে এসব নেতিবাচক প্রভাব সম্পর্কে শিক্ষিত করে তুলতে এবং লোকজনকে তাদের বিকল্পগুলো ও পরবর্তী পদক্ষেপসমুহ অন্বেষণ করতে ক্ষমতায়ন করার জন্য তথ্য ও সংস্থানসমূহ শেয়ার করতে বিশ্বাসের মাধ্যমে শুরু ক্যাম্পেইনটি তৈরি করেছে।

অফিস অব ভিকটিম সার্ভিসেস (Office of Victim Services)-এর ডিরেক্টর এলিজাবেথ ক্রোনিন বলেন, "আমরা জানি যে যৌন নিপীড়নের শিকার বহু ভুক্তভোগী পুলিশের কাছে রিপোর্ট করেন না, কিন্তু তারা মেডিকেল সেবা গ্রহণ করতেও অনীহা দেখাতে পারেন, যার মানে হলো তারা অত্যন্ত কঠিন একটি সময়ে তাদের প্রয়োজনীয় শারীরিক ও মানসিক সেবা পান না। একজন সাবেক স্পেশাল ভিকটিমস প্রসিকিউটর হিসেবে, আমি সরাসরি প্রত্যক্ষ করেছি যে কিভাবে সেবার অ্যাক্সেস ও সমর্থন একজন ব্যক্তির জীবনে এবং অপরাধীদেরকে জবাবদিহিতার সম্মুখীন করার জন্য ফৌজদারি বিচার ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত হওয়ার ব্যাপারে তাদের ইচ্ছার ক্ষেত্রে সব ধরনের পার্থক্য তৈরি করে দিতে পারে। এই ক্যাম্পেইনকে বরণ করে নেওয়ার জন্য এবং ভুক্তভোগী ও বেঁচে ফিরে আসা ব্যক্তিদের কথা শোনা, তাদের প্রতি সম্মান দেখানো এবং

তাদের কথা বিশ্বাস করা নিশ্চিত করতে প্রতিদিন কাজ করে যাওয়ার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের (Office for the Prevention of Domestic Violence) এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন, "যৌন নিপীড়নের শিকার হওয়ার কথা প্রকাশ করা বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদেরকে বিশ্বাস করার মাধ্যমে আমরা কলঙ্কের মনোভাব এবং অধিকতর মানসিক আঘাত পাওয়া দূর করতে পারি। অফিস অব ভিক্টিম সার্ভিসেস-এ আমাদের অংশীদারদের সঙ্গে নিয়ে আরো বেশি ভুক্তভোগী-কেন্দ্রিক, মানসিক আঘাত সম্পর্কে অবহিত, এবং সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়াশীল সেবা পৌঁছে দেওয়ার ব্যবস্থা গড়ে তোলার জন্য স্টেটের প্রচেষ্টার একটি ভিত্তি হিসেবে আমাদের সংস্থা বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদের কথা বিশ্বাস করা এবং তাদের সাহসের প্রতি সম্মান দেখানোর জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে। নিউ ইয়র্ক স্টেটে 'বিশ্বাসের মাধ্যমে শুরু করা দিবস'-কে স্বীকৃতি দেওয়া এবং যৌন নিপীড়ন ও সকল লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার হয়ে বেঁচে থাকা ভুক্তভোগীদের সমর্থন করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অফিস অব ভিক্টিম সার্ভিসেস (Office of Victim Services, OVS) স্টেটব্যাপী 239টি ভুক্তভোগী সহায়তা কর্মসূচির জন্য অর্থায়ন ও সমর্থন প্রদান করছে, যেসব কর্মসূচি যৌন নিপীড়ন ও অন্যান্য অপরাধের শিকার হয়ে বেঁচে থাকা ভুক্তভোগীদেরকে, এবং তাদের পরিবারকে অপরিহার্য পরিষেবাসমূহ, যেমন সংকটকালীন কাউন্সেলিং, সাপোর্ট গ্রুপ, কেস ম্যানেজমেন্ট, জরুরি আশ্রয়কেন্দ্র, দেওয়ানি আইনি সহায়তা, এবং স্থানান্তর হওয়ার ক্ষেত্রে সহায়তা সহ অন্যান্য সহায়তা প্রদান করছে।

এসব কর্মসূচি খুঁজে নেওয়ার জন্য লোকজন ovs.ny.gov/connect ঠিকানায় ভিজিট করতে পারে, যা বিনাখরচে এবং কোনো ব্যক্তি পুলিশের কাছে অপরাধের কথা রিপোর্ট করেছেন কিনা তা নির্বিশেষে পরিষেবাসসমূহ প্রদান করে থাকে। নিউ ইয়র্ক স্টেটের ঘরোয়া ও যৌন সহিংসতা বিষয়ক হটলাইন গোপনে সমর্থন ও পরামর্শ প্রদানের জন্য 24/7 লভ্য রয়েছে: 800-942-6906 (ভয়েস), 844-997-2121 (টেক্সট) এবং opdv.ny.gov (চ্যাট)।

এছাড়া যদি কোনো ব্যক্তির ব্যক্তিগত স্বাস্থ্য বিমা না থাকে অথবা তিনি পরীক্ষা করানোর জন্য নিজের ব্যক্তিগত স্বাস্থ্যসেবা বিমা ব্যবহার না করার সিদ্ধান্ত নিয়ে থাকেন, সেক্ষেত্রে OVS ধর্ষণ সংক্রান্ত ফরেনসিক পরীক্ষার (FRE) খরচের জন্য মেডিকেল সেবা প্রদানকারীদেরকে সরাসরি অর্থ পরিশোধ করে থাকে। এই পদক্ষেপ সংস্থাটির সর্বশেষ উপায় হিসেবে পরিশোধকারী নিয়মের একটি ব্যতিক্রম এবং ভুক্তভোগীদের ব্যক্তিগত গোপনীয়তা রক্ষা করে থাকে। এছাড়াও সংস্থাটি পুলিশ রিপোর্টের পরিবর্তে FRE দাবি গ্রহণ করে থাকে, যা লোকজনকে অপরাধের সাথে সম্পর্কিত অন্যান্য খরচের জন্য OVS-এর কাছ থেকে আর্থিক সহায়তা ও ব্যয় পরিশোধের অর্থ চাওয়ার সক্ষমতা দেয়।

কমিশন অব কারেকশন (Commission of Correction)-এর সভাপতি অ্যালেন রাইলি বলেন, "যৌন নিপীড়ন অত্যন্ত ব্যাপকতা লাভ করেছে, কিন্তু আমাদের সমাজে এখনো আমরা সামনে এগিয়ে আসা ভুক্তভোগীদের কথা বিশ্বাস করতে ইতস্তত করি, বিশেষ করে যদি সেসব

ব্যক্তি এমন কোনো ঘটনার কথা প্রকাশ করেন তা তার কারারুদ্ধ থাকার সময়ে ঘটেছিল। বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদেরকে সমর্থন করা এবং তাদের অধিকারসমূহ এগিয়ে নিয়ে যাওয়ার এই সময়ে, আইন প্রয়োগকারী সংস্থার কাছে রিপোর্ট করার গুরুত্বের ব্যাপারে জোর দেওয়াও অত্যন্ত গুরুত্বপূর্ণ, যাতে অপরাধীদেরকে জবাবদিহিতার সম্মুখীন করা যায় এবং আমরা ভুক্তভোগী হওয়া কমিয়ে আনতে পারি। ভুক্তভোগীদের জন্য তার নিবেদিত প্রচেষ্টার জন্য এবং নিউ ইয়র্ককে সবার জন্য নিরাপদ করে তুলতে তার অংশীদারিত্বের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)-এর কমিশনার রোজানা রোসেডো বলেন, "ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস পুলিস ডিপার্টমেন্ট, প্রসিকিউটর, এবং রেপ ক্রাইসিস কর্মসূচিগুলোকে তহবিল প্রদান করে এবং হাসপাতাল ও স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে বিনা খরচে যৌন অপরাধের প্রমাণ সংগ্রহের কিট বিতরণ করে। এসব সংস্থান নিজেদের উপর হওয়া আক্রমণের কথা সততা ও সাহসের সঙ্গে প্রকাশ করার সিদ্ধান্ত নেওয়া লোকজনকে আরো ভালোভাবে সমর্থন করতে আইন প্রয়োগকারী সংস্থা, ভুক্তভোগীর আইনজীবী এবং মেডিকেল পেশাজীবীদেরকে সাহায্য করে। আমরা সবসময় ভুক্তভোগী ও বেঁচে ফিরে আসা ব্যক্তিদের পাশে আছি এবং সব নিউ ইয়র্কবাসীকে তাদের প্রাপ্য মর্যাদা ও সম্মান প্রদান করতে এমন একটি ন্যায্য ও সমতাপূর্ণ ফৌজদারি বিচার ব্যবস্থা নিশ্চিত করতে সাহায্য করার জন্য আমাদের কাজ অব্যাহত রাখবো।"

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিজেদের জীবনকালে যৌন নিপীড়ন বা সহিংসতার শিকার হওয়া মহিলা ও পুরুষের সংখ্যা চমকে দেওয়ার মতো, এবং তাদের মধ্যে অনেকের ক্ষেত্রেই এই নিপীড়ন তাদের কিশোর বয়সে শুরু হয়। যৌন আক্রমণ ও যৌন নিপীড়ন নীরবে বেড়ে চলেছে। বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদের কথা বিশ্বাস করার মাধ্যমেই কেবল আমরা লোকজনকে নিজেদের সত্য প্রকাশ করার, নিজেদের গল্প বলার, এবং সুস্থ হয়ে উঠতে শুরু করার জন্য প্রয়োজনীয় নিরাপত্তা তৈরি করতে পারবো। এবং বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদের সামনে এগিয়ে আসার স্থান তৈরি করার মাধ্যমেই কেবল আমরা অপরাধীদেরকে জবাবদিহিতার আওতায় আনতে সক্ষম হবো।"

মানবাধিকার বিভাগের (Division of Human Rights) কমিশনার মারিয়া ইমপেরিয়াল বলেন, "নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগে আমরা হয়রানি ও সহিংসতার বিরুদ্ধে অবস্থান নিয়ে লিঙ্গভিত্তিক ন্যায়বিচার সম্পর্কে প্রচার করছি। এটি শুরু হয় মহিলা ও মেয়েদের কথা শোনা এবং তাদের গল্পগুলো বিশ্বাস করার মাধ্যমে। আমাদের মিশন হলো সব মানুষের জন্য মর্যাদা ও স্বনির্ভরতা নিশ্চিত করা। মহিলাদের অধিকার মানবাধিকার; আমরা এই শপথ গ্রহণ করতে পেরে গর্বিত।"

ডিপার্টমেন্ট অব কারেকশন্স এন্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision)-এর ভারপ্রাপ্ত কমিশনার অ্যান্থনি জে. অ্যানুসি বলেন, "নিপীড়নের ঘটনা কোথায় ঘটেছে তা নির্বিশেষে যৌন নিপীড়নের ভুক্তভোগী ও বেঁচে ফিরে আসা ব্যক্তিদের কথা বিশ্বাস করা গুরুত্বপূর্ণ। বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদের সবাই

আমাদের সমর্থন পাওয়ার অধিকার রাখেন, এবং সব অপরাধীকে বিচারের আওতায় আনতে হবে। এই গুরুত্বপূর্ণ বিষয়ে তার শক্তিশালী নেতৃত্বের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

ডিপার্টমেন্ট অব ভেটেরান্স সার্ভিসেস (Department of Veterans Services)-এর কমিশনার ভিভিয়ান ডি কোহেন বলেন, "ভেটেরানদের জন্য ভেটেরানদের দ্বারা পরিচালিত একটি সংস্থা হিসেবে, আমরা আমাদের সবচেয়ে কঠিন সময়ে একে অন্যকে বিশ্বাস করা ও সমর্থন করার গুরুত্ব অনুধাবন করি। জেনে রাখুন যে আমরা আপনাকে দেখছি, আপনার কথা বিশ্বাস করি এবং আপনাকে সহায়তা করার জন্য প্রস্তুত রয়েছি। বিশ্বাসের মাধ্যমে শুরু করা দিবস যৌন নিপীড়নের শিকার হয়ে বেঁচে থাকা ভুক্তভোগীদেরকে সুস্থ হয়ে উঠা ও ক্ষমতায়ন অর্জন করার জন্য তাদের যাত্রায় সেবা ও সমর্থন প্রদানের জন্য আমাদেরকে আরো ভালোভাবে অবহিত হওয়ার ও প্রস্তুত থাকার সুযোগ প্রদান করছে।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট স্টিভেন এ. নিগ্রেলি বলেন, "যৌন নিপীড়নের শিকার হওয়ার ভুক্তভোগীদের জন্য ন্যায়বিচার প্রতিষ্ঠা করা এবং একটি পার্থক্য তৈরি করার জন্য লোকজনের ক্ষমতায়ন করা নিউ ইয়র্ক স্টেট পুলিশের জন্য একটি অগ্রাধিকার। আমাদের তদন্তকারীদের নিবেদিত কাজের মাধ্যমে, আমরা ভুক্তভোগীদের নিপীড়ন ও সহিংসতা সম্পর্কে রিপোর্ট করার জন্য নিরাপদ ও সহায়তামূলক পথ প্রদান করি। যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং ভুক্তভোগীদের রিপোর্ট করতে উৎসাহিত করার মাধ্যমে, আমরা যৌন নিপীড়নের ঘটনা কমিয়ে আনতে এবং সব ধরনের যৌন সহিংসতা বন্ধ করতে সাহায্য করতে পারি। তার সমর্থনের জন্য এবং এই গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোকপাত করার জন্য আমি গভর্নরের প্রশংসা করি।"

নিউ ইয়র্ক স্টেটের অ্যাডজুটেন্ট জেনারেল, মেজর জেনারেল রেমন্ড শিল্ডস বলেন, "নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড এমন একটি পরিবেশ বজায় রাখতে অঙ্গীকারাবদ্ধ যেখানে আমাদের স্টেট ও দেশের সেবা করার ক্ষেত্রে আমাদের পুরুষ ও মহিলারা সমৃদ্ধি অর্জন করতে পারবেন। যৌন নিপীড়নের প্রতিটি অভিযোগ বিধিনিষেধহীনভাবে NY স্টেট পুলিশের কাছে রিপোর্ট করা হয়। আমরা প্রতিটি যৌন নিপীড়ন ও হয়রানির ঘটনাকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করি এবং আমাদের সৈনিক ও এয়ারম্যানদের কথা শোনা, এবং তাদের কেসগুলো দায়িত্বশীলতার সঙ্গে সামাল দেওয়া নিশ্চিত করি। আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার হচ্ছে আমাদের সৈনিক ও এয়ারম্যানদের নিরাপত্তা।"

অফিস অফ ভিকটিম সার্ভিসেস সম্পর্কে

অফিস অব ভিক্টিম সার্ভিসেস ভুক্তভোগী সহায়তা কর্মসূচির একটি স্টেটব্যাপী নেটওয়ার্কে তহবিল ও সহায়তা প্রদান করে এবং অপরাধের সাথে সম্পর্কিত ব্যয় রয়েছে কিন্তু সেগুলো পরিশোধ করার জন্য অন্য কোনো সংস্থান নেই এমন ব্যক্তিদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ সুরক্ষা জাল প্রদান করছে। এই সংস্থা অপরাধের ভুক্তভোগীদের মধ্যে উপযুক্ত ব্যক্তিদেরকে ও তাদের পরিবারকে অন্যান্য সহায়তার সাথে সাথে মেডিকেল ও কাউন্সেল খরচ, শেষকৃত্য ও দাফন সংক্রান্ত খরচ, হারানো মজুরি ও সহায়তা, ইত্যাদি বাবদ আর্থিক সহায়তা ও ক্ষতিপূরণ প্রদান করে থাকে। অফিস অব ভিক্টিম সার্ভিসেসকে অনুসরণ করুন টুইটারে (Twitter) ও ফেসবুকে (Facebook)।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন